গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৫৯৯ তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

বিষয়: **টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন মামুদ নগর (দুর্গাপুর) দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব KAISARUL HAQUE (ইনডেক্স-D337155) এর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, সখিপুর, টাঙ্গাইল এর স্মারক নং-উমাশিঅ/সখি/২০২১/৩৭; তারিখ: ১০/০৩/২০২১ খ্রি.
(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০৪.১৯.৮০; তারিখ:২১/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন মামুদ নগর (দুর্গাপুর) দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব KAISARUL HAQUE (ইনডেক্স-D337155) এর এমপিও শীটে ব্যাংক হিসাব নম্বর সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। ব্যাংক হিসাব নম্বর সংশোধন সংক্রান্ত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোঃ শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন), মাশিঅ, জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (চট্টগ্রাম), মাশিঅ এবং জনাব কামাল উদ্দিন আহমেদ, সিস্টেম এনালিস্ট, মেমিস, মাশিঅ এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: জনাব কায়ছারুল হক (KAISARUL HAQUE) সহকারী মৌলভী হিসেবে প্রথম এমপিওভুক্ত হন জানুয়ারি /১৯৯৪সালে । প্রথম এমপিওশীট থেকে শেষে এমপিও হিসাব নং- 9560 হয়ে আসছে।অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল এর ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন করা হয় যে, জনাব জনাব কায়ছারুল হক/KAISARUL HAQUE (ইনডেক্স-D337155) এর এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নং-9560। তাঁর সঠিক ডিজিটাল ব্যাংক হিসাব নং-0200003320303 এমপিও কপিতে সংযোজন করা প্রয়োজন।এর ফলে সরকারের আর্থিক কোন ক্ষয়-ক্ষতির সম্ভাবনা নেই মর্মে তিনি উল্লেখ করেন ।টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন মামুদ নগর (দূর্গাপুর)দাখিল মাদ্রাসার এমপিওশীটে সহকারী মৌলভী জনাব কায়ছারুল হক/KAISARUL HAQUE (ইনডেক্স-D337155) এর ব্যাংক হিসাব নং সংশোধনের জন্য ম্যানেজার, অগ্রণী ব্যাংক, সখিপুর শাখা, টাঙ্গাইল এর প্রত্যয়ন, MEMIS থেকে প্রিন্টকৃত এমপিও শীট এবং ব্যাংক চেক বইয়ের কভার পেইজের ফটোকপি ইত্যাদি বিবেচনায় এমপিওশীটে বিদ্যমান এনালগ ব্যাংক হিসাব নং-9560 এর স্থলে ডিজিটাল হিসাব নং-0200003320303 সংশোধনের জন্য সুপারিশ করা হলো।

০৩। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রে উল্লেখ করা হয়েছে যে, "মোঃ কায়ছারুল হক(ইনডেক্স- D337155) এর নামে অগ্রণী ব্যাংক লিঃ সখীপুর বাজার শাখায় এনালগ হিসাব নং-9560 এবং অনলাইন হিসাব নং-0200003320303 খোলা আছে। মাদ্রাসার এমপিও কোড-৪২১০০৮২১০১ এর সীটে এনালগ হিসাব নং-9560 উঠিয়াছে। তিনি ১৯৯৪ খ্রি. থেকে এনালগ হিসাব নং- 9560 এর মাধ্যমে বেতন ভাতাদি উত্তোলন করিয়াছেন। বর্তমানে অগ্রণী ব্যাংক লিঃ সখীপুর বাজার শাখায় অনলাইন হিসাব নং-0200003320303 এর মাধ্যমে বেতন ভাতাদি উত্তোলন করিয়া আসিতেছেন। উক্ত অনলাইন হিসাব নম্বরে বেতন-ভাতাদি উত্তোলন করিলে সরকারের আর্থিক কোন রকম ক্ষয়ক্ষতি হবে না। অতএব অনলাইন হিসাব নং-০২০০০০৩৩২০৩০৩ এমপিও সীটে সংযোজন করা প্রয়োজন।"

০৪। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী জনাব KAISARUL HAQUE এর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর নিম্নরূপঃ

| নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর | প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর | সুপারিশ/মতামত/মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| জনাব KAISARUL HAQUE (ইনডেক্স-D337155), মামুদ নগর (দুর্গাপুর) দাখিল মাদ্রাসা, সখিপুর, টাঙ্গাইল | 9560 অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল | 0200003320303 অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল | এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর 9560 এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর 0200003320303,অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল সংশোধন যোগ্য। |

০৫। এমতাবস্থায়, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত, ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, সখিপুর বাজার শাখা, টাঙ্গাইল কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল এর সুপারিশসহ অগ্রায়ণ এর ভিত্তিতে এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে এমপিও শীটে জনাব KAISARUL HAQUE (ইনডেক্স-D337155) এর ব্যাংক হিসাব নম্বর 9560 এর স্থলে প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর 0200003320303 সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ:১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব KAISARUL HAQUE (ইনডেক্স-D337155) কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে।এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।

সংযুক্তি: বর্ণনামতে-০৪ ফর্দ।

৩০-৩-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৫৯৯/১(৬)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল।

৫) সভাপতি/সুপার/ জনাব KAISARUL HAQUE (ইনডেক্স-D337155), মামুদ নগর (দুর্গাপুর) দাখিল মাদ্রাসা, সখিপুর, টাঙ্গাইল

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৩০-৩-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক